দৈনিক ইত্তেফাক 23
তারিখ 27 FEB 1990
পৃষ্ঠা ১ কলাম ৪

২৭

# ঢাকা ভার্সিটির ঘটনার বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ

প্রেসিডেন্ট এরশাদ গতরাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়াছেন। বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য ভাইস চ্যান্সেলর সরকার ও রাজনৈতিক দলগুলির প্রতি যে অনুরোধ জানাইয়াছেন - উহার প্রেক্ষিতে প্রেসিডেন্ট দুর্বৃত্ত ও সন্ত্রাসীরা যাহারাই হউক যেখানেই থাকুক তাহাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়াছেন। প্রেসিডেন্ট

শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## তদন্তের নির্দেশ

(১ম পৃঃ পর)

আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটি রুমে ভাইস-চ্যান্সেলরদের এক সভায় এই নির্দেশ দেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্র নিহত এবং ভাইস-চ্যান্সেলর নাজেহাল হওয়ার প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি আলোচনার জন্য এই বৈঠকে মিলিত হন। সুপ্রীম কোর্টের একজন বিচারক এই বিচার বিভাগীয় তদন্ত পরিচালনা করিবেন।

প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম এ মান্নান লাঞ্ছিত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা করিয়া বলা হয়, দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে। বৈঠকে নিহত ও আহত হওয়ার ঘটনায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করা হয়। বৈঠকে বিদেহী আত্মার শান্তি কামনা করা হয়। বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসান শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সাদিক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান এবং শিক্ষা সচিব এ এন এম ইউসুফ উপস্থিত ছিলেন।